



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/25/2022

গভর্নর ক্যাথি হোকল

ফেডারেল বাইপার্টিজান আগ্নেয়াস্ত্র আইন প্রণয়ন সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"অনেক দীর্ঘ সময় ধরে, এই দেশ গণ সহিংসতার মহামারিতে আক্রান্ত হয়ে আছে, যা বাফেলোতে আমাদের নিজেদের কমিউনিটির সদস্যদের এবং টেক্সাসের উভাল্ডিতে নিরীহ শিশুদের জীবন কেড়ে নিয়েছে।

আনুমানিক তিন দশকের মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য ফেডারেল আগ্নেয়াস্ত্র নিরাপত্তা আইন পাশ করার ক্ষেত্রে তাদের কাজের জন্য আমি প্রেসিডেন্ট বাইডেন, স্পিকার পেলোসি, সিনেটের সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা স্কুমার ও নিউ ইয়র্ক ডেলিগেশনের প্রশংসা করি। যদিও বিলটি আমাদের জন্য প্রয়োজনীয় সব পদক্ষেপ গ্রহণ করছে না, এটি সঠিক দিকে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। ফেডারেল পর্যায়ে পটভূমি যাচাই শক্তিশালীকরণ, অন্যজনের মাধ্যমে ক্রয় করা ও আগ্নেয়াস্ত্র পাচারকে ফৌজদারি অপরাধ হিসেবে বিবেচনা করা, বয়স্ক লুপহোল বন্ধ করা, এবং আমাদের শিশুদের মানসিক স্বাস্থ্যের জন্য বিনিয়োগ করা এমন গুরুত্বপূর্ণ পদক্ষেপ যেগুলো অবিলম্বে জীবন রক্ষা করবে।

আমি নিউ ইয়র্কবাসীদেরকে সুরক্ষিত রাখতে যথাসাধ্য প্রচেষ্টা চালিয়ে যাব। বাফেলোতে শ্বেতাঙ্গ আধিপত্যবাদীদের সন্ত্রাসী হামলার ঘটনার মাত্র কয়েক সপ্তাহ পরেই, আমরা আমাদের আগ্নেয়াস্ত্র নিরাপত্তা আইনগুলো শক্তিশালী করতে একটি মাইলফলকস্বরূপ, দেশের নেতৃস্থানীয় আইনি প্যাকেজ পাশ করতে দ্রুত পদক্ষেপ গ্রহণ করেছি। 10টি বিল নিয়ে তৈরি এই সমন্বিত প্যাকেজ 21 বছরের কম বয়সীদের জন্য সেমিঅটোমেটিক রাইফেল ক্রয় নিষিদ্ধ করেছে, রেড ফ্ল্যাগ আইন সম্প্রসারণ করেছে, বডি আর্মার বিক্রির উপর বিধিনিষেধ আরোপ করেছে এবং আইন প্রয়োগকারী সংস্থার জন্য নতুন হাতিয়ার সরবরাহ করেছে। এই সপ্তাহে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের ত্রুটিপূর্ণ সিদ্ধান্ত ঘোষণার পর থেকে, আমার টিম সম্ভাব্য সকল পদক্ষেপ বিবেচনার জন্য সার্বক্ষণিকভাবে কাজ করে যাচ্ছে, এবং আমরা নতুন আগ্নেয়াস্ত্র নিরাপত্তা আইন পাশ করার জন্য 30 জুন নিউ ইয়র্ক স্টেটের আইনসভার একটি বিশেষ অধিবেশন আহ্বান করছি।

আমি কংগ্রেসকে আমাদের দেখানো পথ অনুসরণ করতে এবং এই দেশকে সবার জন্য আরো বেশি নিরাপদ করে তুলতে অধিকতর পদক্ষেপ গ্রহণ করতে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)